



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪- ৬৮৭৭


তারিখ: ২৮/০৭/২০১৬ খ্রি:।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পের আওতায় বিভিন্ন উপজেলায় বিতরণকৃত ঋণের অধিকাংশ ক্ষেত্রে কিস্তি খেলাপী এবং কিছু কিছু ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ খেলাপী হচ্ছে। উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব অবহেলা/যথাযথ তদারকীর অভাবে খেলাপীর পরিমাণ উত্তর উত্তর বৃদ্ধি পাচ্ছে। কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপী রোধ করার লক্ষ্যে প্রতি সাপ্তাহের শনিবার বাধ্যতামূলকভাবে স্ব-স্ব উপজেলার সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো এর নেতৃত্বে সকল মাঠ সংগঠক ও হিসাব সহকারী যৌথভাবে কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপী সমিতিতে সরেজমিনে উপস্থিত হয়ে উঠান বৈঠকসহ খেলাপী ঋণ আদায়ে বিশেষ অভিযান পরিচালনা করতে হবে।

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে পরিচালিত বিশেষ অভিযানের সার্বিক তদারকী করবেন এবং নিয়মিতভাবে প্রতি সাপ্তাহের শনিবার বিশেষ অভিযানটি পরিচালিত হচ্ছে মর্মে নিশ্চিত করবেন এবং যুক্তিসংগত কারণ ব্যতিত খেলাপী ঋণ আদায়ে পরিচালিত বিশেষ অভিযানে অনুপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প দপ্তরকে অবহিত করতে হবে।

৩। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারী করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা :----- (বিষয়টি তদারকীর অনুরোধসহ)।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), ইরেসপো, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৫. কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক (সকল), ইরেসপো, বিআরডিবি, জেলা -----।
৬. হিসাব সহকারী (সকল), ইরেসপো, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৭. মাঠ সংগঠক (সকল), ইরেসপো, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।